সংবাদ প্রতিদিন

sangbadpratidin.in epratidin.in | ২৮ আশ্বিন ১৪৩৩ ৫.০০ টাকা * কলকাতা সংস্করণ শুক্রবার | ১৬ অক্টোবর ২০২৬ | পরিষ্কার আকাশ সর্বনিম্ন ২৫°/৩৩° সর্বাধিক ১২ পাতা

আজ ষষ্ঠী

এক ঝলক

ভোটার তালিকার বিশেষ সংশোধন

■ নয়াদিল্লি : এসআইআর নিয়ে দেশজোড়া বিতর্কের মধ্যে ভোটার তালিকার বিশেষ সংশোধন শুরু করল নির্বাচন কমিশন। বৃহস্পতিবার কমিশন পশ্চিমবঙ্গ-সহ ১৭টি রাজ্যে ভোটার তালিকায় নাম তোলার জন্য এই কর্মসূচির বিজ্ঞপ্তি দিয়েছে।

দুই তৃণমূলকে ডাকল কমিশন

■ নয়াদিল্লি : পুরভোটের আগে ফের দুই তৃণমূলকে শুনানিতে ডাকল জাতীয় নির্বাচন কমিশন। প্রতীক চিহ্ন ও দলের নাম নিয়ে তাদের বক্তব্য ফের ২৬ অক্টোবরের মধ্যে কমিশনকে জানাতে হবে। এরপর ৩০ অক্টোবর দিল্লির নির্বাচন সদনে হবে শুনানি।

বাম বুক স্টলে সায় হাই কোর্টের

■ কলকাতা : পুজোয় সিপিএমকে বুকস্টল করার অনুমতি দিল কলকাতা হাই কোর্ট। বৃহস্পতিবার বনগাঁয় স্টল করার আর্জির মামলায় হাই কোর্টের বিচারপতি সৌগত ভট্টাচার্য জানান, শান্তিশৃঙ্খলা বজায় রেখে পার্টি অফিসের ১০০ মিটারের মধ্যে স্টল করা যাবে।

■ পঞ্চমীর সন্ধ্যায় উত্তর কলকাতার বিখ্যাত বাগবাজার সর্বজনীনের মাতৃপ্রতিমা। ছবিটি তুলেছেন অমিত মৌলিক।

শুধু ভাতা নয়, সরকারের কাজ সংস্কারও: শুভেন্দু

নিজস্ব সংবাদদাতা, বহরমপুর: শুধু ভাতা দেওয়াই নয়, সংস্কারও সরকারের কাজ। এই কাজটাও আমাদের করতে হবে। আমরা সেই সংস্কারের কাজই করছি। বৃহস্পতিবার লালবাগ বুধাসপাড়া সর্বজনীন দুর্গাপুজোর উদ্বোধনে এসে এমনই মন্তব্য করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। ২৪ ঘণ্টা আগেই হলদিয়ায় কারখানা উদ্বোধন করতে গিয়ে মুখ্যমন্ত্রী জানিয়েছিলেন, পশ্চিমবঙ্গ ভাতা নির্ভর হয়ে গিয়েছে। এর থেকে বেরিয়ে আসতে হবে। হতে হবে আত্মনির্ভর পশ্চিমবঙ্গ। এর পরই তিনি ফের স্মরণ করিয়ে দিলেন, সরকারের কাজ শুধু মানুষের মধ্যে ভাতা ও অনুদান বিলি করা নয়। সরকারের কাজ আর্থিক, প্রশাসনিক ও সামাজিক সংস্কারও। অর্থাৎ, ভাতা নির্ভরতা থেকে বেরিয়ে কর্মসংস্থান সৃষ্টিকেই যে গুরুত্ব দিতে হবে, তা ফের বুঝিয়েছেন মুখ্যমন্ত্রী।

এদিন মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে দুর্গাপুজোর সংখ্যা ৪৫ হাজার থেকে বেড়ে ৫৮ হাজার হয়েছে। নতুন ১৩ হাজার কমিটিকে এবার অনুদান দেওয়া হয়েছে। মুর্শিদাবাদে জেলাতেই ৮০০র বেশি নতুন পুজো অনুদান পেয়েছে। সাকুল্যে মোট ৫৮ হাজার পুজো কমিটিকে এক লক্ষ টাকা করে সরকারের তরফে অনুদান দেওয়া হয়েছে। কয়েকটি পুজো কমিটির কর্তাদের হাতে এদিন অনুদান তুলেও দেন তিনি। রেজিনগরে উপনির্বাচনে বিজেপির বিপুল জয়ের পর এদিনই প্রথম মুর্শিদাবাদে এলেন মুখ্যমন্ত্রী। রেজিনগরবাসীকে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, ''আমার উপর আস্থা রেখেছেন রেজিনগরবাসী। তাই খুব শীঘ্রই রেজিনগরে ভাগীরথীর উপর নারকেলবাড়ি ঘাটের ব্রিজ নির্মাণের শিলান্যাসে আমি আসব এবং নতুন করে ২০০ বেডের হাসপাতাল হবে।''

বুধাসপাড়ার পুজো উদ্বোধনে এসে এদিন মুখ্যমন্ত্রী দৃশ্যতই নস্টালজিক হয়ে পড়েন। বিরোধী দলনেতা হিসাবে তিন তিনবার উনি এসেছিলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিএসএফের আধিকারিকরা। বিএসএফকে ধন্যবাদ জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, মুর্শিদাবাদে বিএসএফকে পুরো জমি আমরা দিয়ে দিয়েছি। সব বর্ডারে ফেন্সিং হয়ে যাচ্ছে। কোনও অবৈধ অনুপ্রবেশকারী ঢুকবে না। পুলিশের সঙ্গে একটা ভালো কোঅর্ডিনেশন হয়েছে। গরু, নেশার সামগ্রী, বেআইনি নোট এমনকী, ছোট ছোট নাবালিকা কন্যাদের পাচারও এখন প্রায় বন্ধ হয়ে গিয়েছে বলা চলে।

মুখ্যমন্ত্রী এদিন পুজোর সময় অপ্রীতিকর ঘটনা এড়াতে পুলিশ ও পুজোকর্তাদের সতর্ক থাকার পরামর্শ দেন। জেলার বেকার যুবকদের কর্মসংস্থান ও নদীভাঙন রুখতে পরিকল্পনার উল্লেখের পাশাপাশি মুখ্যমন্ত্রী বলেন, ''যাঁরা ধর্ম বাঁচানোর জন্য বাংলাদেশ থেকে চলে এসেছিলেন, এখন সিএএ সার্টিফিকেট পেতে আপনাদের আর কোনও অসুবিধা হবে না। জেলাশাসক আপনাদের সিএএ সার্টিফিকেট দিয়ে দেবেন।'' রেজিনগরে নির্বাচনপর্বে দুর্ঘটনায় মৃত শিশুর পরিবারকে আর্থিক সাহায্য ও কর্ণসুবর্ণে রেল দুর্ঘটনায় মৃতদের পরিবারকে চাকরির নিয়োগপত্র এদিন তুলে দেন মুখ্যমন্ত্রী।

মিছিল নিয়ে রাহুলদের ভর্ৎসনা

'ইন্ডি' মামলায় হস্তক্ষেপ করল শীর্ষ আদালত

বিশেষ সংবাদদাতা, নয়াদিল্লি : নির্বাচন কমিশনের বিরুদ্ধে 'ভোটচুরি'র অভিযোগে আন্দোলন করতে গিয়ে এবার সুপ্রিম কোর্টের কড়া প্রশ্নের মুখে বিরোধীরা। শীর্ষ আদালতের দিকে মিছিল করে যাওয়ার ঘটনায় লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী ও সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদবকে নোটিস পাঠাল প্রধান বিচারপতি সূর্য কান্তের বেঞ্চ। বৃহস্পতিবার শীর্ষ আদালতের স্পষ্ট বার্তা, "বিচার বিভাগকে কেউ ভয় দেখাতে পারে না।" মিছিল ঘিরে তাঁদের ভূমিকা নিয়ে জবাব চেয়েছে আদালত। অন্যদিকে, ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর)-এ অনিয়মের অভিযোগে বিরোধী 'ইন্ডি' জোটের দায়ের করা মামলায় নির্বাচন কমিশনের কাছেও জবাব তলব করেছে শীর্ষ আদালত। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং অন্য দুই নির্বাচন কমিশনার সুখবীর সিংহ সন্ধু ও বিবেক যোশীকে নোটিস দিয়েছে আদালত। অর্থাৎ, বিরোধীদের আন্দোলন ঘিরে প্রশ্ন উঠলেও ভোটার তালিকা সংশোধন নিয়ে তাঁদের অভিযোগও বিচারাধীন। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের ইস্তফার দাবিতে লাগাতার আন্দোলন চালাচ্ছে বিরোধী দলের 'ইন্ডি' জোট। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে দেখা করে নিজেদের অভিযোগ জানানোর পর গত সোমবার প্রধান বিচারপতি সূর্য কান্তের সঙ্গে সাক্ষাতের আর্জি জানিয়েছিলেন রাহুল, কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গেরা। কিন্তু সেই আবেদন খারিজ করে তাঁদের চিঠি পাঠায় প্রধান বিচারপতির দপ্তর। এর পরেই সুপ্রিম কোর্টের দিকে মিছিল করে যান বিরোধী নেতারা। এসআইআর-এ অনিয়মের অভিযোগ তুলে আদালতে মামলা দায়ের করেন তাঁরা। সেই মিছিল নিয়েই এবার রাহুল ও অখিলেশের কাছে ব্যাখ্যা চাইল প্রধান বিচারপতির বেঞ্চ। মামলার পরবর্তী শুনানির দিন তাঁদের জবাব দিতে হবে।

পাঁচের পাতায়

সুপ্রিম পর্যবেক্ষণ

■ এসআইআর নিয়ে বিরোধী দলের 'ইন্ডি' জোটের মামলায় সুপ্রিম কোর্ট জ্ঞানেশ কুমার-সহ তিন নির্বাচন কমিশনারের বক্তব্য জানতে চাইল।

■ সুপ্রিম কোর্টের দিকে মিছিল নিয়ে যাওয়ার অভিযোগে রাহুল গান্ধী ও অখিলেশ যাদবের জবাব চাইল শীর্ষ আদালত।



আমাদের অনুসরণ করুন : LIC India Forever I IRDAI Regn No.: 512
প্রতি মুহূর্তে আপনার সাথে
ভুয়ো ফোন কল্‌স এবং জালিয়াতি/প্রতারণাপূর্ণ অফার্স থেকে সাবধান। IRDAI বা ইহার পদাধিকারীগণ ইন্স্যুরেন্স পলিসি বিক্রী করা, বোনাস ঘোষণা করা বা প্রিমিয়ামের বিনিয়োগের মতো ইন্স্যুরেন্সের কোনও কার্য্যকলাপে জড়িত থাকে না। এমন ফোন কল্‌স প্রাপ্ত করা পলিসিধারকগণ বা সম্ভাব্যদের, পুলিশি অভিযোগ দায়ের করতে অনুরোধ করা হচ্ছে।
ঝুঁকির বিষয়াদি, নিয়ম ও শর্তাবলীর বিষয়ক অধিক বিবরণের জন্যে, অনুগ্রহ করে বিক্রয় সমাপনের পূর্বে সেল্‌স পুস্তিকা মন দিয়ে পড়ুন।